ISO 9001:2015

শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-১
DHAKA PALLI BIDYUT SAMITY-1

সদর দপ্তর
পলাশবাড়ী, সাভার, ঢাকা।
টেলিফোন: ০২-৯৯৬৬৮৮৬৫০
E-Mail:dhakapbs01@gmail.com

স্মারক নং-২৭.১২.২৬৭২.৫০১.০১.০৩৮.২৩. ১১৪৪ তারিখঃ ০৪/০৪/২০২৩ খ্রিঃ।

**"এসি মেরামত করণের জন্য কোটেশন প্রদানের অনুরোধজ্ঞাপন দরপত্র (RFQ)"**

প্রতি,

-------------------------------------
-------------------------------------
-------------------------------------

১. সিনিয়র জেনারেল ম্যানেজার, ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর আওতাধীন নবীনগর ইনডোর সাব-ষ্টেশনের এসি মেরামত করণের নিমিত্ত প্রকৃত ব্যবসায়ী/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে সীল মোহরকৃত খামে কোটেশন পদ্ধতিতে (RFQ) দরপত্র আহবান করা যাচ্ছে।

২. মালামাল সরবরাহসহ ফেন্সিং তৈরী করতে ইচ্ছুক সকল কোটেশনদাতা কর্তৃক পরিদর্শনের জন্য অভিপ্রেত পণ্য এবং সংশ্লিষ্ট সেবার বিস্তারিত বিনির্দেশ, ডিজাইন এবং নকশা অফিস চলাকালীন সময়ে কার্যদিবসে ক্রয়কারীর দপ্তরে প্রাপ্তিসাধ্য হবে।

৩. এতদ সঙ্গে সংযুক্ত "কোটেশন দলিল" ব্যবহার করে কোটেশন প্রস্তুত এবং দাখিল করতে হবে। কোটেশন দলিল সমিতির ওয়েব সাইট www. pbs1.dhaka.gov.bd হতে ডাউনলোড করে কোটেশনের সকল শর্তাদি পূরণ সাপেক্ষ্যে দাখিল করতে হবে। নির্ধারিত কোটেশন ব্যতীত অন্য কোন কোটেশন বা ফরমে দরপত্র গ্রহণযোগ্য হবে না অথবা আবেদনের মাধ্যমে ঢাকা পবিস-১ হতে কোটেশন দলিল সংগ্রহ পূর্বক দর দাখিল করতে হবে।

৪. নির্ধারিত কোটেশন দলিল যথাযথভাবে পূরণ পূর্বক ক্ষমতাপ্রাপ্ত স্বাক্ষরকারী কর্তৃক প্রতিটি পৃষ্ঠা স্বাক্ষর করে ৬ অনুচ্ছেদে উল্লেখিত তারিখ ও সময়ে কোটেশন আহবানকারী কর্তৃক নির্ধারিত স্থানে ক) সিনিয়র জেনারেল ম্যানেজার, ঢাকা পবিস-১, পলাশবাড়ী, সাভার, ঢাকা অথবা খ) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২১৯ এর দপ্তরে রক্ষিত টেন্ডার বাক্সে দাখিল করতে হবে।

৫. কোটেশন দাখিল এবং মালামাল সরবরাহ ও ফেন্সিং তৈরীর কাজে কোন জামানত যেমন, কোটেশন জামানত এবং কার্য সম্পাদন জামানতের (যদি চুক্তি সম্পাদিত হয়) প্রয়োজন হবে না।

৬. সিলমোহরকৃত খাম আগামী ১১/০৪/২০২৩খ্রিঃ তারিখ, সময় ১১:০০ ঘটিকার মধ্যে কোটেশন ৪ নং অনুচ্ছেদে বর্ণিত দপ্তরে দাখিল করা যাবে। কোটেশনের খামে **"এসি মেরামত করণের দরপত্র"** আগামী ১১/০৪/২০২৩খ্রিঃ তারিখ এবং সময় বেলা ১১:০৫ এর আগে খোলা যাবে না" লিখে অবশ্যই সুস্পষ্টভাবে চিহ্নিত করতে হবে। উল্লেখিত সময়ের পরে প্রাপ্ত কোটেশন গ্রহণযোগ্য হবে না।

৭. প্রাপ্ত দরপত্র সমূহ ১১/০৪/২০২৩খ্রিঃ তারিখ বেলা ১১:০৫ ঘটিকার সময় উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে। দরপত্র বিজ্ঞপ্তি অত্র পবিস এর ওয়েব সাইট www.pbs1.dhaka.gov.bd এ দেখা যাবে।

৮. কোটেশন দাখিলের নির্ধারিত সর্বশেষ তারিখ হতে ন্যূনতম ৬০দিন পর্যন্ত সকল কোটেশন বৈধ থাকবে।

৯. কোটেশন দাখিলের সর্বশেষ সময়সীমা উত্তীর্ণের তারিখে প্রাপ্ত কোটেশন সমূহ ক্রমিক নং-৪ এ বর্ণিত স্থান সমূহে যথাযথ কর্তৃপক্ষের ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক দরপত্র উন্মুক্ত করা হবে।

১০. মালামাল সরবরাহের জন্য কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠান কর্তৃক এসি মেরামত করণের পর এবং সমিতির প্রতিনিধির মাধ্যমে এসি মেরামত করণের গুনগত মান সন্তোষজনক সাপেক্ষে গ্রহন করা হবে। সন্তোষজনকভাবে মালামাল সরবরাহের পর বিল দাখিল সাপেক্ষ্যে একাউন্টপেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে। পরিশোধযোগ্য বিল হতে সরকারী নিয়মানুযায়ী উৎসে কর, আয়কর ও অন্যান্য কর (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তন করা হবে।

১১. দর টাকায় উদ্ধৃত করতে হবে এবং এ চুক্তির অধীন পরবর্তীতে মূল্য পরিশোধও টাকায় করা হবে।কোটেশন

১১. দর টাকায় উদ্ধৃত করতে হবে এবং এ চুক্তির অধীন পরবর্তীতে মূল্য পরিশোধও টাকায় করা হবে।কোটেশন দাতার প্রস্তাবিত মূল্য, যদি গৃহীত হয়, তবে তা চুক্তিকালীন সময়ে স্থির অংকে থাকবে।

১২. কোটেশন দাতার চুক্তি করার আইনগত সক্ষমতা থাকতে হবে। কোটেশন দাতার যোগ্যতার প্রমাণস্বরুপ **বৈধ ট্রেড লাইসেন্স, টিআইএন নম্বর ও ভ্যাট নিবন্ধন এর সত্যায়িত অনুলিপি এবং বাংলাদেশের যে কোনো তফসিলি ব্যাংক থেকে আর্থিক সচ্ছলতার সনদ দাখিল করতে হবে।** এগুলো ব্যতীত কোটেশন অগ্রহণযোগ্য বলে বিবেচিত হবে।

১৩. মূল্যায়ন কমিটি কোটেশনের সঙ্গে দাখিলকৃত তথ্য ও দলিলপত্রের ভিত্তিতে কোটেশন মূল্যায়ন করবে। চুক্তি সম্পাদনের জন্য সর্বনিম্ন মূল্যায়িত গ্রহণযোগ্য কোটেশন নির্ধারণের ক্ষেত্রে কমপক্ষে ০৩(তিন) টি গ্রহণযোগ্য কোটেশনের প্রয়োজন হবে।

১৪. উদ্ধৃত একক দর এবং মূল্যের মধ্যে অসঙ্গতি থাকলে একক দর প্রাধান্য পাবে। কথায় এবং সংখ্যার মধ্যে অসঙ্গতির ক্ষেত্রে কথায় উদ্ধৃত দর/মূল্য প্রাধান্য পাবে। মূল্যায়ন কমিটি কর্তৃক নির্ণিত গাণিতিক সংশোধন গ্রহণে কোটেশন দাতা বাধ্য থাকবে।

১৫. কার্যাদেশ প্রাপ্তির তারিখ থেকে ০৭(সাত)দিনের মধ্যে কাজ শুরু এবং ১৫(পনেরো) দিনের মধ্যে সংশ্লিষ্ট সেবা সরবরাহ সম্পন্ন করতে হবে।

১৬. নির্ধারিত তারিখের মধ্যে এসি মেরামত করতে ব্যর্থ হলে প্রতিদিন বিলম্বের জন্য সরবরাহকৃত মালামালের চুক্তি মূল্যের ১% এর ১/১০ অংশ হিসেবে কর্তন করা হবে। জরিমানা মোট চুক্তি মূল্যের ১০% (দশ শতাংশ) এর অধিক হবে না।

১৭. ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-১ কর্তৃপক্ষ সকল কোটেশন বা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

(মোঃ শাহজাহান কবীর)
সিনিয়র জেনারেল ম্যানেজার।

অনুলিপিঃ নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের অনুরোধসহ।

০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন(কেঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। (বিজ্ঞপ্তির শর্তানুযায়ী নির্ধারিত সময় পর্যন্ত দরপত্র গ্রহণের অনুরোধ করা হলো)
০২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো)।
০৩। জেলা প্রশাসক, ঢাকা/গাজীপুর।
০৪। পুলিশ সুপার, ঢাকা/গাজীপুর।
০৫। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/সড়ক ও জনপথ. ঢাকা।
০৬। নির্বাহী প্রকৌশলী, প্রকল্প বিভাগ, বাপবিবো. ঢাকা।
০৭। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার,--------------------------পবিস-১/২/৩/৪।
০৮। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সাভার, ঢাকা/কালিয়াকৈর, গাজীপুর।
০৯। ডেপুটি জেনারেল ম্যানেজার, সদর(কারিগরী)-চন্দ্রা/শ্রীপুর/কালিয়াকৈর/আশুলিয়া/মৌচাক/জামগড়া জোনাল অফিস, ঢাকা পবিস-১।
১০। সহকারী জেনারেল ম্যানেজার (অর্থ-হিসাব/অর্থ-রাজস্ব/সদস্য সেবা/ওএন্ডএম/ইএন্ডসি), ঢাকা পবিস-১।
১১। সহকারী জেনারেল ম্যানেজার, আইটি (ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য)।
১২। মের্সাস-------------------------------------------------------।
১৩। নোটিশ বোর্ড/ওয়েব সাইট, ঢাকা পবিস-১।
১৪। অফিস/মাস্টার কপি।
১৩। নোটিশ বোর্ড/ওয়েব সাইট, ঢাকা পবিস-১।
১৪। অফিস/মাস্টার কপি।

সিনিয়র জেনারেল ম্যানেজার।